

এক নজরে ইমাম প্রশিক্ষণ একাডেমির আওতায় বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম

ক্রমিক নং	কোর্সের নাম ও মেয়াদ	প্রশিক্ষণ প্রাপ্তদের সংখ্যা	সেবা পদ্ধতি মন্তব্য	সুযোগ সুবিধাসমূহ
০১	নিয়মিত ইমাম বুনিয়াদ প্রশিক্ষ ণ কোর্স- ৪৫ দিন	১,০৬,৩৫০ জন	<p>বুনিয়াদি প্রশিক্ষণ : মসজিদের ইমাম-মুয়াজিজনগণকে উচ্চতর দ্বিনি শিক্ষার পাশাপাশি আর্থ-সামাজিক উন্নয়নমূলক বিষয়ে যুগোপযোগী প্রশিক্ষণ (যেমন- ইসলামিয়াত, প্রাথমিক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, প্রাক-প্রাথমিক, প্রাথমিক ও গণশিক্ষা, কৃষি ও বনায়ন, প্রাণী সম্পদ পালন ও মৎস্য চাষ, বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি, পরিবেশ ও সামাজিক উন্নয়ন, বাংলাদেশ ও বিশ্ব পরিচিতি, ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম ও পরিচিতি, ব্যবহারিক ও মৌখিক)। এছাড়া উক্ত বিষয়াদির মধ্যে রয়েছে, আদর্শ পরিবার গঠন, প্রজনন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, নারী অধিকার, নারী পুরুষের সামাজিক বৈষম্য দূরীকরণ, নারী ও শিশু পাচার রোধ, এইচআইভি, এইডস প্রতিরোধে সচেতনতা সৃষ্টি, জঙ্গী ও সন্ত্রাস বিরোধী কার্যক্রমে অংশগ্রহণ এবং দেশে দৈর্ঘ্যিতি বিরোধী সামাজিক আন্দোলন, বাল্য বিবাহ প্রতিরোধ ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে শান্তি ও নিরাপত্তা বজায় রাখা এবং আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখার লক্ষ্যে সচেতন ও যোগ্য করে তোলার জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়।</p> <p>১. পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে।</p> <p>২. স্ব-হস্তে লিখিত আবেদন ও নিম্নলিখিত কাগজপত্র সাথে সংযুক্ত করতে হবে।</p> <p>(ক) বয়স সীমা ২০-৫০ বছর এবং সুস্থ ও সবল দেহের অধিকারী হতে হবে এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।</p> <p>(খ) <u>শিক্ষাগত যোগ্যতা</u> : ন্যূনতম দাখিল/এস-এসসি বা সমমানের মাত্রাসা পরীক্ষায় পাশ(হাফেজ ও কুরআনের ক্ষেত্রে বাংলাভাষা ভাল জ্ঞান থাকলে শিক্ষাগত যোগ্যতা শিখিলযোগ্য)।</p> <p>(গ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। তবে চূড়ান্ত বাছাইয়ের সময় সকল শিক্ষাগত সনদের মূলকপি, সনদ না পেয়ে থাকলে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত মূল প্রশংসাপত্র কমিটির নিকট উপস্থাপন করতে হবে।</p> <p>(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভা বা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইমামতির সমর্থনে প্রদত্ত প্রমাণপত্র।</p> <p>(ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।</p> <p>(চ) ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয়/জেলা কার্যালয় কর্তৃক ইমামতিতে নিয়োজিত আছেন তা নিশ্চিত হয়ে প্রাথমিকভাবে মনোনীত হওয়ার পর চূড়ান্ত বাছাই হওয়া সাপেক্ষে জেলা কার্যালয় থেকে সরবরাহকৃত নির্ধারিত ফরমে মসজিদ কমিটির সভাপতি/ সেক্রেটারীর নিকট থেকে ৪৫ দিনের ছুটির অনুমোদনপত্র দাখিল করতে হবে। বিভিন্ন সরকারী/স্বায়ত্ত্ব শাসিত/ শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত ইমামদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র জমা দিতে হবে।</p> <p>(ছ) এক কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দরখাস্তের সাথে জমা দিতে হবে। এক কপি পাসপোর্ট সাইজ ও দুই কপি স্ট্যাম্প সাইজ ছবি সংশ্লিষ্ট ইমাম প্রশিক্ষণ কেন্দ্রে চূড়ান্ত ভর্তির সময় জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিলযোগ্য।</p> <p>(জ) বিনামূল্যে ভর্তি ফরম সরবরাহ করা হয় এবং ভর্তি হওয়ার জন্য কোন ফি</p>	<p>১। প্রতি ইমামকে ৪৫০/- হারে দৈনিক ভাতা ও দূরত্ব অনুযায়ী যাতায়াত ভাতা প্রদান করা হয়।</p> <p>২। বিনামূল্যে আবাসিক ব্যবস্থা।</p> <p>৩। বিনামূল্যে ইফা কর্তৃক প্রকাশিত তরজমাসহ কুরআনুল করিম, পাঠ্য-পুস্তক, প্রাথমিক চিকিৎসার গুরুত্ব ও সরঞ্জামাদি, পাঠ্য সিলেবাস, ব্যাগ ও সনদপত্র দেয়া হয়।</p> <p>৪। প্রশিক্ষণ পরবর্তী সময়ে শ্রেষ্ঠ ইমাম ও শ্রেষ্ঠ খামারীদের উপজেলা, জেলা, বি. ভাগ ও জাতীয় পর্যায়ে পুরস্কার প্রদান করা হয়।</p>

			<p>বা ডিবনিময় দিতে হয় না। তবে ইমামদের কল্যাণে গঠিত ইমাম ও মুয়াজিন কল্যাণ ট্রাস্ট মাসিক ১০/-টাকা ফি দিয়ে ট্রাস্টের সদস্য পদ লাভ করতে পারেন।</p> <p>(ঝ) ইমাম প্রশিক্ষণ একাডেমির কেন্দ্রে/ বিভাগীয়/জেলা কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএড়িএ প্রদান করা হবে না।</p> <p>(ঝঃ) কোভিড-১৯ এর ০২ ডোজ টিকা নেয়া বাধ্যতামূলক।</p> <p>(ঢ) প্রশিক্ষণার্থী ইমামগণকে অবশ্যই মৌসুম উপযোগি প্রয়োজনীয় বিছানাপত্র(মশারীসহ) ইমাম প্রশিক্ষণ একাডেমির কেন্দ্রে উপস্থিত হতে হবে।</p> <p>(ঢঃ) প্রশিক্ষণার্থী ইমামগণকে প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবশ্যই হোস্টেলে অবস্থান করতে হবে।</p>	
০২.	রিফ্রেসা র্স প্রশিক্ষ ণ কোর্স- ০৫ দিন	৪০,০৭৭ জন	<p>রিফ্রেসার্স প্রশিক্ষণ কোর্স-০৫ দিন : ৪৫ দিনব্যাপী নিয়মিত ইমাম প্রশিক্ষণ প্রদান করার পর পুনরায় ফলোআপ কর্মসূচীর আওতায় প্রশিক্ষণথাওপ্ট ইমামগণ প্রশিক্ষণলক্ষ ভান কাজে লাগিয়ে আর্থ-সামাজিক উন্নয়নে কি ধরনের ভূমিকা রাখছেন তার মূল্যায়ন ও আরো দক্ষতা বৃদ্ধিকল্পে পরামর্শ প্রদান করা। এ যাবত ৪০,০৭৭ জন ইমামকে এই প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।</p> <p>পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমেন্মন্ত্রিত কাগজ পত্রাদি সংযুক্ত করে দিতে হবে।</p> <p>(ক) ৱ-হস্তে লিখিত আবেদনপত্রসহ ৪৫ দিনব্যাপী মূল ইমাম প্রশিক্ষণ গ্রহণের সনদপত্র,পরিচয়পত্র ও মসজিদ কমিটি কর্তৃক ছুটির প্রত্যয়নপত্র জমা দিতে হবে।</p> <p>(খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।</p> <p>(গ) প্রশিক্ষণ পরবর্তী কার্যক্রমের উপর ১ নং ছকে সর্বশেষ প্রতিবেদন জমা দিতে হবে।</p> <p>(ঘ) প্রশিক্ষণার্থী ইমামগণকে অবশ্যই মৌসুম উপযোগি প্রয়োজনীয় বিছানাপত্র(মশারীসহ) ইমাম প্রশিক্ষণ একাডেমির কেন্দ্রে উপস্থিত হতে হবে।</p> <p>(ঙ) প্রশিক্ষণার্থী ইমামগণকে প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবশ্যই হোস্টেলে অবস্থান করতে হবে।</p>	<p>১। প্রতি ইমামকে ৫০০/- হারে দৈনিক ভাতা ও দূরত্ব অনুযায়ী যাতায়াত ভাতা প্রদান করা হয়।</p> <p>২। বিনামূল্যে প্রয়োজনীয় খাতা,কলম,বই ও অন্যান্য মালামাল প্রদান করা হয়।</p>
	মোট	১,৪৬,৪২৭ জন	# তথ্য হাল নাগাদের তারিখ : ডিসেম্বর/২০২১ খ্রি.	